



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৯.২৩.১০৭১

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ৮৭০১/২০২৩-এর রুল ও আরজির আলোকে সরকারপক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৭০১/২০২৩-এর ০৬/০৮/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী ইউনিয়নের সাগরদাঁড়ী গ্রামে অবস্থিত “মেসার্স কপোতাক্ষ ফিউচার ওয়ার্ল্ড” পার্ক-এর সকল কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর-এর গত ১৫/০৫/২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪.৪১৩৮.০০০.১৫.০০৩.২৩-৬০৯ সংখ্যক স্মারকে বন্ধ রাখার আদেশ প্রদান করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ মিজানুর রহমান সংস্কৃদ্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৮৭০১/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর-কে ৩নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৭০১/২০২৩-এর রুল ও আরজির আলোকে সরকারপক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (7134/potrojariAttachmentRef/49589/0/2240)

১২-৯-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +880255100995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৯.২৩.১০৭১/১(৫)

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১২-৯-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)